



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কন্ট্রাস্ট এন্ড প্রকিউরমেন্ট সেল  
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১১৩

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
২৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

### সার্কুলার

**বিষয়: পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ (পিপিআর-২০২৫) মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন প্রসঙ্গে।**

পিপিআর-২০২৫ এর বিধি-৯ মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল ক্রয়কারী (Procuring Entity) কর্তৃক উন্নয়ন ও পরিচালন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক প্রস্তাবের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

ক) উন্নয়ন প্রকল্পের অধীন পরামর্শক প্রতিষ্ঠান এবং পরিচালন বাজেটের আওতায় ৩০ লক্ষ টাকার উর্ধ্বে পরামর্শক প্রতিষ্ঠানের ক্ষেত্রে

ক্রমিক নং	বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি
১	প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর (সংশ্লিষ্ট), বাপাউবো, ঢাকা।
৩	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)/ মনোনীত নির্বাহী প্রকৌশলী (পুর), কন্ট্রাস্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)/ মনোনীত নির্বাহী প্রকৌশলী (পুর), সংশ্লিষ্ট নকশা সার্কেল, বাপাউবো, ঢাকা।
৫	সংশ্লিষ্ট ক্রয়কারী, বাপাউবো।

উল্লেখ্য, সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর ক্রয়কারী হলে তিনি কমিটির সদস্য-সচিব হবেন এবং সংশ্লিষ্ট দপ্তরের নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা কমিটির সদস্য হবেন। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা ক্রয়কারী হলে প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী কমিটির সদস্য সচিব হবেন।

খ) উন্নয়ন প্রকল্প/পরিচালন বাজেটের আওতায় ব্যক্তি ভিত্তিক পরামর্শক এবং সর্বাধিক ৩০ (ত্রিশ) লক্ষ টাকা পর্যন্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে

ক্রমিক নং	বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি
১	সংশ্লিষ্ট ক্রয়কারী
২	নির্বাহী প্রকৌশলী (পুর), কন্ট্রাস্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৩	সংশ্লিষ্ট ক্রয়কারী দপ্তরের কর্মকর্তা

২। কমিটি উন্নয়ন ও পরিচালন বাজেটের অধীন পিপিআর-২০২৫ এর বিধি-৯(২) মোতাবেক বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের Terms of Reference (ToR) এবং দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবে।

৩। উন্নয়ন সহযোগীরা অর্থায়নকৃত প্রকল্পে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় সংক্রান্ত ToR উন্নয়ন সহযোগী কর্তৃক Concurrence এর প্রযোজ্যতা থাকলে উপরোক্ত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ToR উন্নয়ন সহযোগী'র নিকট প্রেরণ করতে হবে। উক্ত ToR এর উপর উন্নয়ন সহযোগী কর্তৃক কোন মতামত থাকলে তা কমিটিতে উপস্থাপন করতে হবে।

৪। কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ToR ও দাপ্তরিক ব্যয় প্রাক্কলন সংশ্লিষ্ট ক্রয়কারী (PE) বাপাউবো'র আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবে।

৫। কোনো বিশেষ ধরনের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয়তা বিবেচনায় ক্রয়কারী মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে নিজ ও অন্য ক্রয়কারী দপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে ০৩-০৫ সদস্য বিশিষ্ট বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠনপূর্বক ToR প্রস্তুত করতে পারবে।

৬। কোনো প্রকল্পের ডিপিপি বা সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের পিএফএস বা টিএপিপি বা টিপিপি প্রণয়নকালে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ToR প্রস্তুতের প্রয়োজন হলে, ১(ক) মোতাবেক গঠিত কমিটির মাধ্যমে ToR প্রস্তুত করতে হবে।

৭। কমিটি গঠনের পর কোন কর্মকর্তা বদলী বা পদোন্নতিজনিত পরিবর্তন হলে স্থলাভিষিক্ত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

৮। পিপিআর-২০২৫ এর বিধি ১৯ মোতাবেক বিনির্দেশ ও প্রাক্কলন প্রস্তুত কমিটি নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন (অনুচ্ছেদ ৬ এর ক্ষেত্র ব্যতীত)।

৯। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলারটি অবিলম্বে কার্যকর হবে।



২৬-১০-২০২৫

মোঃ হাফিজুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

০২২২২২৩০০১৫

se.cpc.bwdb@gmail.com

#### অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা, ....., বাপাউবো।

২। প্রকল্প পরিচালক (সকল), ....., বাপাউবো।

৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ....., বাপাউবো।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ....., বাপাউবো।

৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।



২৬-১০-২০২৫

সৌরভ কুমার দাস

নির্বাহী প্রকৌশলী (পুর)